বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

BANGLADESH DEVELOPMENT BANK LTD.
(A STATE OWNED BANK)

BDBL

এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট

নং-১১.১/৫৪/

০১ জুন, ২০২১
১৮ জ্যৈষ্ঠ, ১৪২৮

তালিকা মোতাবেক

ঢাকা।

বিষয় ঃ বিডিবিএল এর ২০২০ সালের বার্ষিক প্রতিবেদন মুদ্রণের জন্য কোটেশন/দরপত্র আহ্বান।

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর ২০২০ সালের বার্ষিক প্রতিবেদন মুদ্রণের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ (আগস্ট, ২০১৬ পর্যন্ত সংশোধিত)-এর কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (Request for Quotation Method) অনুসরণে নিম্নোক্ত সিডিউল ও শর্তানুযায়ী মুখবন্ধ খামে কোটেশন/**দরপত্র** আহ্বান করা যাচ্ছে।

(ক) কোটেশন/দরপত্রের সিডিউল ঃ

বিবরণ		একক মূল্য	মোট মূল্য
ইনার ঃ			
(ক) আকার/সাইজ	২৮ সে.মি. × ২১ সে.মি.		
(খ) পৃষ্ঠা সংখ্যা	২৯৬ (৩৭ ফর্মা)		
(গ) কাগজ	উন্নতমানের ১২০ জিএসএম ম্যাট পেপার		
(ঘ) ছবি	১৫০-১৭৫ টি (কম-বেশি) বহু রঙ-এ হবে।		
(ঙ) গ্রাফ	৪০-৫০ টি		
(চ) বাঁধাই	সেলাই ও জুস বাঁধাই		
(ছ) মুদ্রণ	৪ কালার		
কভার ঃ			
(ক) বোর্ড	৩০০ জিএসএম উন্নতমানের আর্ট কার্ড		
(খ) মুদ্রণ	৪ কালার (উভয় পাশে)		
(গ) লেমিনেশন	ম্যাট ও স্পট		
বক্স ঃ			
(ক) আকার/সাইজ	২৮ সে.মি. × ২১ সে.মি.		
(খ) কাগজ	৩০০ জিএসএম সুইস বোর্ড		
(গ) মুদ্রণ	৪ কালার		
(ঘ) লেমিনেশন	ম্যাট ও স্পট		
প্রতিবেদনের সংখ্যা	৩৫০ (তিনশত পঞ্চাশ) কপি		
প্রতিবেদনের বক্স সংখ্যা	১০০ (একশত) কপি		
প্যাকিং	প্রতিবেদন বক্সে প্যাকিং করে দিতে হবে		

ক্রমশ..পৃ/২

(খ) কোটেশন/দরপত্রের শর্তাবলী ঃ

০১. কোটেশন/দরপত্র আগামী ০৮/০৬/২০২১ তারিখ বিকাল ৩:০০ টার মধ্যে ৮ রাজউক এভিনিউস্থ বিডিবিএল ভবনের লেভেল-৬ এ এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্টে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে ও উক্ত সময়ের পর কোন কোটেশন/দরপত্র দাখিল করা যাবে না এবং ঐ দিনই দরপত্র বাক্স খোলা হবে;

০২. কোটেশন/দরপত্র দাতাগণকে নিজনিজ প্রতিষ্ঠানের/প্রিন্টিং প্রেসের লেটার-হেড প্যাডে যথাযথভাবে স্বাক্ষরিত ফরওয়ার্ডিং লেটারসহ কোটেশন/**দরপত্র** মুখবন্ধ খামে জমা দিতে হবে;

০৩. কোটেশন/দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে প্রিন্টিং কাজে ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন এবং বার্ষিক প্রতিবেদন প্রিন্টিংয়ের জন্য অত্যাধুনিক কম্পিউটার কম্পোজ, গ্রাফিক্স ও দক্ষ জনবলসহ প্রিন্টিং সংক্রান্ত সকল যন্ত্রপাতির সুবিধাসম্বলিত প্রেস হতে হবে;

০৪. কোটেশন/দরপত্রে উল্লেখিত সর্বমোট মূল্য অংকে এবং কথায় সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এতে সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট ও আয়কর অন্তর্ভূক্ত থাকবে;

০৫. অপ্রত্যাশিত, বিকল্প, কাটাকাটি/ঘষামাজা সম্বলিত কোটেশন/দরপত্র গ্রহণযোগ্য হবে না। একক মূল্য/দর ও মোট মূল্য/দর এর মধ্যে কোন অসংগতি পাওয়া গেলে সে ক্ষেত্রে একক মূল্য/দরকেই সঠিক হিসেবে ধরে নেয়া হবে;

০৬. কোটেশন/দরপত্র দাখিলের পর কাগজ ও মুদ্রণ ব্যয়সহ যেকোন মুদ্রণ উপকরণের মূল্যের হ্রাস-বৃদ্ধি কিংবা অন্য যাই ঘটুক না কেন, কোন অবস্থাতেই বার্ষিক প্রতিবেদন মুদ্রণের মূল্য পরিবর্তনের কোন আবেদন বিবেচনা করা হবে না;

০৭. দাখিলকৃত কোটেশন/দরপত্রের সকল কাগজপত্র ও সিডিউলের প্রতি পাতা যথাযথভাবে স্বাক্ষরিত হতে হবে;

০৮. কোটেশন/দরপত্রের সংগে মুদ্রণসামগ্রী যথা - ইনার (১২০ জিএসএম ম্যাট পেপার), কভার (৩০০ জিএসএম উন্নতমানের আর্ট কার্ড) পেজের নমুনা (২৮ সে.মি. × ২১ সে.মি.) এবং বক্সের নমুনা (৩০০ জিএসএম সুইস বোর্ড) সংযুক্ত করতে হবে। প্রিন্টিং প্রেস কর্তৃক প্রদত্ত এবং ব্যাংক কর্তৃক নির্বাচিত নমুনার হেরফের (নিম্নমানের) হলে কোন অবস্থাতেই তা গ্রহণযোগ্য হবে না;

০৯. কোটেশন/দরপত্র দাতাগণকে যোগ্যতার সমর্থনে বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর, প্রেস ডিক্লারেশন, অভিজ্ঞতার সনদপত্র সংক্রান্ত দালিলিক প্রমাণাদি দাখিল করতে হবে (ব্যাংকে তালিকাভুক্ত কোম্পানী/প্রতিষ্ঠান এর ক্ষেত্রে প্রযোজ্য নয়);

১০. কার্যাদেশপ্রাপ্ত কোটেশন/দরপত্র দাতাকে ব্যাংক নির্ধারিত ছকে পারফরমেন্স সিকিউরিটি মানি হিসেবে **"বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড"** এর অনুকূলে সরবরাহতব্য বার্ষিক প্রতিবেদনের অনুমোদিত মোট মূল্যের ১০% এর সমপরিমাণ মূল্যের বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংকে নগদায়নযোগ্য ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে - যা বিনা সুদে ব্যাংকে রক্ষিত থাকবে এবং চুক্তিপত্রে বর্ণিত সকল শর্তাদি পরিপালনের পর ফেরত দেয়া হবে। কোন কারণে কার্যাদেশ পাওয়ার পর কৃতকার্য টেন্ডারদাতা সন্তোষজনকভাবে কাজ সম্পাদনে ব্যর্থ হলে কিংবা কাজ করতে অপারগতা প্রকাশ করলে উল্লেখিত পারফরমেন্স সিকিউরিটি মানি বাজেয়াপ্ত করা হবে;

১১. মুদ্রণ কাজের জন্য কোন ধরণের অগ্রিম প্রদান করা হবে না;

১২. প্রতিবেদনের সংখ্যা ও পৃষ্ঠা প্রয়োজনবোধে ব্যাংক কর্তৃক বাড়ানো বা কমানো যাবে। এর ফলে উদ্ধৃত দরের ভিত্তিতে প্রতি কপির আনুপাতিক হারে মোট মূল্য নির্ধারিত হবে ;

১৩. প্রতিবেদনের চূড়ান্ত প্রুফ/ডামি (রঙিন) নির্বাচিত প্রিন্টিং প্রেস কর্তৃক ব্যাংকের সন্তুষ্টি অনুযায়ী নিখুঁতভাবে সরবরাহ করতে হবে ;

ক্রমশঃ...পৃ/৩

১৪. কার্যাদেশে বর্ণিত বার্ষিক প্রতিবেদনসমূহ বক্সসহ চূড়ান্ত মুদ্রণাদেশ প্রদানের তারিখ থেকে ২ সপ্তাহের মধ্যে সরবরাহ করতে ব্যর্থ হলে, সময়োত্তীর্ণের পর প্রতিদিন বিলম্বের জন্য ৩০০/- টাকা হারে জরিমানা সংশ্লিষ্ট বিল থেকে কর্তন করা হবে। তবে, চূড়ান্ত মুদ্রণাদেশ প্রদানের তারিখ থেকে ৩ সপ্তাহের মধ্যে সরবরাহ করতে ব্যর্থ হলে মুদ্রণাদেশ বাতিল বলে গণ্য হবে এবং পারফরমেন্স সিকিউরিটি মানি বাজেয়াপ্ত করা হবে;

১৫. নির্বাচিত প্রিন্টিং প্রেস কর্তৃক সরবরাহকৃত বক্সসহ প্রতিবেদনসমূহের গুণগতমান ও নির্ধারিত সংখ্যা পরীক্ষা করে ব্যাংকের সন্তুষ্টি সাপেক্ষে সকল প্রতিবেদন গ্রহণ করা হবে। যদি কোন প্রতিবেদন শর্তানুযায়ী সরবরাহ করা না হয়, তবে তা সরাসরি বাতিল করা হবে এবং সরবরাহকারীকে নিজ খরচে বাতিলকৃত প্রতিবেদন ফেরত নিয়ে যেতে হবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে তা পুনঃমুদ্রিত করে সরবরাহ করতে হবে। অন্যথায়, ব্যাংক কর্তৃক বাতিলকৃত (যদি থাকে) প্রতিবেদনের মূল্য বিল প্রদানকালে আনুপাতিক হারে কেটে রাখা হবে ;

১৬. বার্ষিক প্রতিবেদন মুদ্রণের পূর্বে ব্যাংকের নিকট হতে চূড়ান্ত মুদ্রণাদেশ (প্রিন্টিং অর্ডার) গ্রহণ করতে হবে। চূড়ান্ত মুদ্রণাদেশ (প্রিন্টিং অর্ডার) প্রদানের পূর্ব পর্যন্ত ব্যাংক বার্ষিক প্রতিবেদনে যে কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন করতে পারবে। এ জন্য অতিরিক্ত কোন অর্থ দাবি করা যাবে না ;

১৭. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মুদ্রণকৃত বার্ষিক প্রতিবেদনসমূহ নিজ ব্যয়ে ৮ রাজউক এভিনিউস্থ বিডিবিএল ভবনের লেভেল-৬-এ **এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্টে** সরবরাহ করতে হবে;

১৮. সরকারের ঘোষিত নিয়মানুযায়ী সরবরাহকৃত সামগ্রীর মূল্য/বিল হতে ভ্যাট, আয়কর ইত্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ শুধুমাত্র প্রাপকের অনুকূলে চেক/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করা হবে; এবং

১৯. বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন টেন্ডার সম্পূর্ণ বা আংশিক গ্রহণ বা সকল টেন্ডার বাতিল করার অধিকার সংরক্ষণ করে। এ বিষয়ে ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং "পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (২০১৬ সালে সংশোধিত)" অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন করা হবে।

স্বা/-
(প্রকৌঃ মোঃ রকীব হোসেন)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
ফোন ঃ ০২-২২৩৩৮৯৪৫৯
rakeeb.hossain@bdbl.com.bd

অনুলিপি ঃ

১৫৪৯

১. ডেপুটি জেনারেল ম্যানেজার, আইটি সিস্টেম ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা। বিজ্ঞপ্তিটি ব্যাংকের ওয়েবসাইটে প্রচারের জন্য তাঁদের অনুরোধ করা হ'ল।
২. ডেপুটি জেনারেল ম্যানেজার, এস্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা। এ সংক্রান্ত নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য তাঁদের অনুরোধ করা হ'ল।

Mr. Humayun, SO IT
04/6/21

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার